

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৯৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৯৮]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (كتاب الكسوف)

পরিচ্ছেদঃ ২১: গ্রহণকালীন সালাতে তাশাহ্হদ পড়া ও সালাম ফিরানো

باب التَّشَهُّدِ وَالتَّسْلِيمِ فِي صَلاَةِ الْكُسُوفِ

আরবী

أَخْبَرَنِي عَمْرُو بْنُ عُتْمَانَ بْنِ سَعِيدِ بْنِ كَثِيرِ، عَنِ الْوَلِيدِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ نَمِرِ، أَنَّهُ سَأَلَ الزُّهْرِيَّ عَنْ سُنَّةِ صَلَاةِ الْكُسُوف، فَقَالَ: أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ: كَسَفَت الشَّمْسُ فَأَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا فَنَادَى أَن الصَّلَاةَ جَامِعَةً، فَاجْتَمَعَ النَّاسُ فَصِلَّى بهمْ رَسُولُ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَكَبَّرَ ثُمَّ قَرَأً قِرَاءَةً طَوِيلَةً، ثُمَّ كَبَّرَ فَرَكَعَ رُكُوعًا طَوِيلًا مِثْلَ قِيَامِهِ أَوْ أَطْوَلَ، ثُمَّ رَفَعَ رَأْسَهُ، وَقَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ، ثُمَّ قَرَأً قِرَاءَةً طَويلَةً هِيَ أَدْنَى مِنَ الْقِرَاءَةِ الْأُولَى، ثُمَّ كَبَّرَ فَرَكَعَ رُكُوعًا طَويلًا هُوَ أَدْنَى مِنَ الرُّكُوعِ الْأَوَّلِ، ثُمَّ رَفَعَ رَأْسَهُ، فَقَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ، ثُمَّ كَبَّرَ فَسَجَدَ سُجُودًا طَويلًا مِثْلَ رُكُوعِهِ أَوْ أَطْوَلَ، ثُمَّ كَبَّرَ فَرَفَعَ رَأْسَهُ، ثُمَّ كَبَّرَ فَسَجَدَ، ثُمَّ كَبَّرَ فَقَامَ فَقَرَأً قِرَاءَةً طَوِيلَةً هِيَ أَدْنَى مِنَ الْأُولَى، ثُمَّ كَبَّرَ ثُمَّ رَكَعَ رُكُوعًا طَوِيلًا هُوَ أَدْنَى مِنَ الرُّكُوعِ الْأَوَّلِ، ثُمَّ رَفَعَ رَأْسَهُ، فَقَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ، ثُمَّ قَرَأً قِرَاءَةً طَويلَةً وَهِيَ أَدْنَى مِنَ الْقِرَاءَةِ الْأُولَى فِي الْقِيَامِ التَّانِي، ثُمَّ كَبَّرَ فَرَكَعَ رُكُوعًا طَوِيلًا دُونَ الرُّكُوعِ الْأَوَّل، ثُمَّ كَبَّرَ فَرَفَعَ رَأْسَهُ، فَقَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ ، ثُمَّ كَبَّرَ فَسَجَدَ أَدْنَى مِنْ سُجُودهِ الْأَوَّل، ثُمَّ تَشَهَّدَ ثُمَّ سَلَّمَ، فَقَامَ فِيهِمْ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ، ثُمَّ قَالَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ لَا يَنْخَسِفَانِ لِمَوْتِ أَحَدِ وَلَا لِحَيَاتِهِ وَلَكِنَّهُمَا آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ، فَأَيُّهُمَا خُسِفَ بهِ أَقْ بأُحَدهِمَا فَافْزَعُوا إِلَى اللَّهِ عَزَّ وَجَلَّ بذكْرِ الصَّلَاةِ .

تخریج دارالدعوه: انظر حدیث رقم: ۱۲۹۵ (صحیح)



صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1498 _ صحيح

বাংলা

১৪৯৭. 'আমর ইবনু উসমান ইবনু সা'ঈদ ইবনু কাসীর (রহ.) 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার সূর্যগ্রহণ লেগে গেলে রসূলুল্লাহ (সা.) এক ব্যক্তিকে নির্দেশ দিলে সে আওয়াজ দিল যে, সালাত অনুষ্ঠিত হবে। অতএব লোকেরা জমা হয়ে গেলে তিনি তাদের নিয়ে সালাত আদায় করলেন। তারপর তাকবীর বললেন এবং লম্বা কিরা'আত করলেন। তারপর তাকবীর বললেন ও দীর্ঘ রুকু করলেন তার দাঁড়ানোর ন্যায় অথবা তার চেয়েও দীর্ঘ। তারপর তার মাথা উঠিয়ে "সামি আল্ল-হু লিমান হামিদাহ" বললেন। পরে দীর্ঘ কিরা'আত পড়লেন কিন্তু তা আগের কিরা'আত থেকে সংক্ষিপ্ত ছিল তারপর তাকবীর বললেন ও দীর্ঘ রুকু করলেন; কিন্তু তা আগের রুকু থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর তার মাথা উঠিয়ে "সামি'আল্ল-হু লিমান হামিদাহ" বললেন। অতঃপর তাকবীর বললেন ও দীর্ঘ সাজদাহ করলেন ও তাঁর রুকুর ন্যায় অথবা তার চেয়েও দীর্ঘ। এরপর তাকবীর বললেন ও তার মাথা উঠালেন পরে তাকবীর বললেন ও সাজদায় গেলেন। তারপর তাকবীর বলে দাঁডালেন এবং দীর্ঘ কিরা'আত পড়লেন। কিন্তু তা আগের কিরা'আত থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর তাকবীর বললেন ও লম্বা রুকু করলেন কিন্তু তা আগের রুকু থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর তার মাথা তুলে বললেন "সামি আল্ল-হু লিমান হামিদাহা তারপর দীর্ঘ কিরা'আত পড়লেন কিন্তু তা দ্বিতীয় কিয়ামের প্রথম ক্লিরাক'আত থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর তাকবীর বললেনও দীর্ঘ রুক করলেন; কিন্তু তা আগের রুকু থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর তাকবীর বললেন ও তাঁর মাথা উঠালেন এবং বললেন, "সামি'আল্ল-হু লিমান হামিদাহ"। পরে তাকবীর বললেন ও সাজদাহ করলেন আর তা তার আগের সাজদাহ থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর তাশাহ্হদ পড়লেন ও সালাম ফিরালেন। পরে তাদের সামনে দাড়ালেন এবং আল্লাহ তা'আলার প্রশংসা ও গুণাগুন করলেন। পরে বললেন, চন্দ্র-সূর্যের গ্রহণ কারো জন্মমৃত্যুর কারণে হয় না, বরং তারা হলো আল্লাহর নিদর্শনসমূহের দু'টি নিদর্শন। অতএব, তাদের যে কোন একটিতে যদি গ্রহণ লাগে, তা হলে তোমরা সালাত আদায় করার মাধ্যমে আল্লাহর দিকে ধাবিত হবে।

English

The tashahhud and taslim for the eclipse prayer

It was narrated that Aishah said: There was an eclipse of the sun and the Messenger of Allah (**) ordered a man to call out: As-salatu jami'ah (prayer is about to begin in congregation). The people gathered and the Messenger of Allah (**) led them in prayer. He said the takbir, then he recited at length. Then he said the takbir and bowed for a long time, as long as he had recited or longer. Then he raised his head and said: Sami Allahu liman hamidah (Allah hears those who praise Him) Then he recited at length, but it was shorter than the first time, then he said the takbir and bowed for a long time, but it was shorter than the first time. Then he raised his head and said:



'Sami Allahu liman hamidah (Allah hears those who praise Him). Then he said the takbir and prostrated for a long time, as long as he had bowed or longer. Then he said the takbir and raised his head, then he said the takbir and prostrated. Then he said the takbir and stood up, and recited for a long time that was shorter than the first time. Then he said the takbir and bowed for a long time that was shorter than the first time. Then he raised his head and said: Sami' Allahu liman hamidah. (Allah hears those who praise Him). Then he recited for a long time that was shorter than the first recitation in the second standing. Then he said the takbir and bowed for a long time that was shorter than the first time. Then he raised his head and said: Sami Allahu liman hamidah (Allah hears those who praise Him). Then he said the takbir and prostrated for a long time that was shorter than the first time. Then he recited the tashahhud, then he said the taslim. Then he stood before them and praised and glorified Allah, then he said: 'The sun and the moon do not become eclipsed for the death or birth of anyone, but they are two of the signs of Allah (SWT). Whichever of them becomes eclipsed, turn to Allah (SWT), the Mighty and Sublime, and pray.'

ফুটনোট

সহীহঃ বুখারী ৩২২১, মুসলিম (৩/১১৫/১৬৬/৬১০)। [দ্রঃ ১৪৯৪]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন